যায়যায়দিন

তারিখ ...04 APR 2007...

নিউ দিল্লিতে চতুর্দশ শীর্ষ সম্মেলন শুরু

জনগণের সার্ক গড়ে তোলার অঙ্গীকার

যাযাদি ডেস্ক

আঞ্চলিক সহযোগিতা বৃদ্ধি এবং ক্ষুধা, দারিদ্র্য ও শোষণমুক্ত সাউথ এশিয়া প্রতিষ্ঠার লক্ষ্যে 'জনগণের সার্ক' গড়ে তোলার অঙ্গীকারের মধ্য দিয়ে ইনডিয়ার রাজধানী নিউ দিল্লিতে শুরু হয়েছে চতুর্দশ সার্ক শীর্ষ সম্মেলন। গতকাল মঙ্গলবার সম্মেলনের আনুষ্ঠানিক উদ্বোধন করেন চেয়ারপারসন বাংলাদেশের কেয়ারটেকার সরকারের চিফ অ্যাডভাইজার ড. ফখরুদ্দীন আহমদ।

উদ্বোধনী অনুষ্ঠানে পরবর্তী এক বছরের জন্য নিয়োজিত সার্কের চেয়ারপারসন ইনডিয়ার প্রধানমন্ত্রী ড. মনমোহন সিং, পাকিস্তানের প্রধানমন্ত্রী শওকত আজিজ, শ্রী লংকার প্রেসিডেন্ট মাহিন্দ রাজাপাকসে, নেপালের প্রধানমন্ত্রী গিরিজা প্রসাদ কৈরালা, ভুটানের প্রধানমন্ত্রী লিওনপো খানদু ওয়াংচুক, মালদ্বীপের প্রেসিডেন্ট মামুন আবদুল গাইয়ুম এবং সার্কের নতুন সদস্য

পৃ ১১ ক ৪

নিউ দিল্লিতে চতুর্দশ সার্ক শীর্ষ সম্মেলনে সদস্য দেশগুলোর সরকার ও রাষ্ট্রপ্রধান —এএফপি

জনগণের সার্ক গড়ে তোলার

(প্রথম পৃষ্ঠার পর)

আফগানিস্তানের প্রেসিডেন্ট হামিদ কারজাই বক্তব্য রাখেন। এবারের সার্ক সম্মেলনে পর্যবেক্ষক হিসেবে আছে আমেরিকা, ইওরোপিয়ান ইউনিয়ন, চায়না, জাপান এবং সাউথ কোরিয়া। বাংলাদেশ সময় সকাল ১১টায় আমন্ত্রিত অতিথিরা নতুন দিল্লির বিজ্ঞান ভবনে ফুল সম্মেলন কেন্দ্রে প্রবেশ করেন।

চিফ অ্যাডভাইজার ড. ফখরুদ্দীন আহমদ তার বক্তব্যে আঞ্চলিক সহযোগিতা বাড়ানোর পাশাপাশি ক্ষুধা, দারিদ্র্য ও শোষণমুক্ত সাউথ এশিয়া প্রতিষ্ঠার লক্ষ্যে 'জনগণের সার্ক' গড়ে তোলার আহ্বান জানান। এ লক্ষ্যে তিনি সাফটা চুক্তির পূর্ণ বাস্তবায়নের ওপর গুরুত্ব আরোপ করেন।

সন্ত্রাসবাদের বিরুদ্ধে যুদ্ধ ও আঞ্চলিক বাণিজ্য সহযোগিতা বাড়ানোর লক্ষ্যে শুরু হওয়া এবারের সার্ক সম্মেলনের প্রকৃত লক্ষ্যের কথা তুলে ধরেন ড. ফখরুদ্দীন আহমদ। তিনি বলেন, আমাদের লক্ষ্য এমন একটি সাউথ এশিয়ার জন্ম দেয়া, যা হবে দারিদ্র্য ও ক্ষুধার শেকল থেকে মুক্ত, যেখানে আইনের শাসন ও গণতন্ত্রের মানবাধিকার [illegible]

তাদের উচিত পিছিয়ে থাকা দেশগুলোর দিকে সাহায্যের হাত বাড়িয়ে দেয়া। এ প্রসঙ্গে ড. ফখরুদ্দীন ২০০৫ সালে ঢাকা সম্মেলনে সার্ক উন্নয়ন তহবিল গঠনের অনুমোদন দেয়ার বিষয়টি তুলে ধরেন। তিনি বলেন, এখন আমাদের কাম্য এ তহবিলকে সক্রিয় করে তোলা।

সার্ক দেশগুলোর নিরাপত্তা ইসুর প্রতি গুরুত্ব আরোপ করে ড. ফখরুদ্দীন বলেন, সব ধরনের সন্ত্রাসের বিরুদ্ধে লড়াই করতে আমাদের সাহসী উদ্যোগ আজ অপরিহার্য। অন্যথায় একটি সমৃদ্ধ সাউথ এশিয়ার স্বপ্ন বাস্তবায়ন কোনোদিনই সম্ভব হবে না। তিনি সন্ত্রাসের মূল কারণগুলো সমাধানে সবাইকে একজোট হওয়ার আহ্বান জানান।

ড. ফখরুদ্দীন তার বক্তব্যে সার্ক অঞ্চলের মানুষে মানুষে সেতুবন্ধনের আহ্বান জানান এবং এ পরিপ্রেক্ষিতে ঢাকা সম্মেলনে ড. মনমোহন সিংহের প্রস্তাবিত সাউথ এশিয়ান ইউনিভার্সিটি প্রতিষ্ঠার ধারণার প্রতি বাংলাদেশের পূর্ণ সমর্থনের কথা তুলে ধরেন। তিনি বলেন, এটা এমনভাবে তৈরি করতে হবে যাতে সবার কাছে তা গ্রহণযোগ্য [illegible]

সার্কের কার্যক্রমকে মন্থর করেছে।

পাকিস্তানের প্রধানমন্ত্রী তার বক্তব্যে এ অঞ্চলের দেশগুলোর মধ্যে বাণিজ্য ও অর্থনৈতিক সম্পর্ক জোরদারের ওপর গুরুত্ব আরোপ করেন। তিনি সদস্য দেশগুলোর মধ্যে সত্যিকার মুক্ত বাণিজ্যের পরিবেশ গড়ে তোলার কথা বলেন। তিনি বলেন, অবকাঠামোর উন্নয়ন, পরিবহন ও যোগাযোগ ব্যবস্থার সম্প্রসারণ, জ্বালানি নিরাপত্তা বৃদ্ধি, দারিদ্র্য হ্রাস, পরিবেশ রক্ষা ও সার্ক খাদ্য নিরাপত্তা ব্যাংক প্রতিষ্ঠা করে সদস্য দেশগুলোর মধ্যে সম্পর্ক উন্নয়নের মাধ্যমে সার্ক তার কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছতে পারে।

সার্কের তত্ত্বাবধায়ক হিসেবে বাংলাদেশের ভূমিকার প্রশংসা করে শওকত আজিজ বলেন, ঢাকায় যাত্রা শুরুর পর থেকে সার্ক পরিবার দিন দিন বড় হয়েছে এবং এ সংস্থার প্রতি আন্তর্জাতিক স্বার্থ ও সমর্থন লক্ষণীয়ভাবে বেড়েছে।

মাহিন্দ রাজাপাকসে

শ্রী লংকার প্রেসিডেন্ট মাহিন্দ রাজাপাকসে বলেন, ইওরোপের দেশগুলো জনগণের [illegible]

যায়যায়দিন বিজ্ঞাপনের
এখন আপনাদের সেবায় নিয়োজিত
রাতের টেবিল কলফারেন্স, সেমিনার, ছোটো সেমিনার সুবিধা,
মুক্ত হল, ছোটো গ্যালারি, ওপেন গার্ডেনসহ চেঞ্জ এবং আধুনিক
কেন্দ্রীকৃত আপনাদের অফিসকে সেবা দিতে প্রস্তুত
কিশোরগঞ্জ
(রাতের টেবিল কনফারেন্স) ৩০০ [illegible]